

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১০২

১/ বিবিধ

আরবী

إن المرأة إذا خرجت من بيتها وزوجها كاره لذلك لعنها كل ملك في السماء وكل شيء مرت عليه غير الجن والإنس حتى ترجع ضعيف جدا

رواه الطبراني في " الأوسط " (1/170/1 _ 2) عن عيسى بن المساور: حدثنا سويد ابن عبد العزيز عن محمد عن عمرو بن دينار عن ابن عمر مرفوعا وقال

" لم يروه عن عمرو إلا محمد، تفرد به سويد

قلت: وهو ضعيف جدا، قال الذهبي في " الضعفاء

" قال أحمد: متروك الحديث

وقال في " الميزان

" هو واه جدا

وقال الهيثمي في " المجمع

"رواه الطبراني في " الأوسط " وفيه سويد بن عبد العزيز وهو متروك، وقد وثقه دحيم وغيره، وبقية رجاله ثقات

قلت: وأشار المنذري في " الترغيب " (3/79) إلى أن الحديث حسن أو قريب من الحسن؛ فلا تغتر به

বাংলা



১১০২। স্ত্রী যখন তার স্বামীর অসম্ভষ্টিতে বাড়ী হতে বের হয় তখন আসমানের প্রত্যেক ফেরেশতা এবং যা কিছুর নিকট দিয়ে সে অতিক্রম করে জিন ও ইনসান ছাড়া সে সব কিছু তার উপর অভিশাপ দিতে থাকে যতক্ষণ পর্যন্ত সে ফিরে না আসে।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি ত্ববারানী "আল-আওসাত" গ্রন্থে (১/১৭০/১-২) ঈসা ইবনুল মুসাবের হতে, তিনি সুওয়ায়েদ ইবনু আন্দিল আযীয হতে, তিনি মুহাম্মাদ ইবনু বারীদ হতে, তিনি আমর ইবনু দীনার হতে, তিনি ইবনু উমার (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

ত্ববারানী বলেনঃ আমর হতে একমাত্র মুহাম্মাদ হাদীসটি বর্ণনা করেছেন। সুওয়ায়েদ এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি (সুওয়ায়েদ) খুবই দুর্বল। হাফিয যাহাবী "আয-যুয়াফা" গ্রন্থে বলেনঃ ইমাম আহমাদ বলেনঃ তিনি মাতরাকুল হাদীস।

হাফিয যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেনঃ তিনি খুবই দুর্বল।

হায়সামী "আল-মাজমা" গ্রন্থে বলেনঃ সুওয়ায়েদ ইবনু আন্দিল আযীয় মাতরূক। তাকে দুহায়েম প্রমুখ নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছি মুনযেরী যে "আত-তারগীব" গ্রন্থে (৩/৭৯) বলেছেনঃ হাদীসটি হাসান বা হাসানের নিকটবর্তী তার দ্বারা ধোঁকায় পড়া যাবেন না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন